গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০১৭.২০১৭ - তারিখঃ ২৭/০৩/২০১৮খ্রিঃ।

বিষয় ঃ ২১/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ মোস্তাফা কামাল উদ্দীন, সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
স্থান ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় ঃ২১/০৩/২০১৮, সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সভাপতিত্বে ২১/০৩/২০১৮তারিখ সকাল ১১.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভা পরিচালনা করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে আলোচ্যসুচি অনুযায়ী অতিরিক্ত সচিব (বাজেট) সভার কার্যপত্র পাঠ করেন।

০২। জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ২য় কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন পর্যলোচনা বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয়।

০৩। আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট এবং জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের বাজেট বাস্তবায়ন তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়(পরিশিষ্ঠ-খ)। সভায় সভাপতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ২য় কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন নিদিষ্ট সময় সীমার মধ্যে বাজেট সঠিকভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে আগামী ২০১৮-২০১৯ অর্থবছরে প্রদত্ত সিলিং এর অতিরিক্ত ৪১০২,৭৬,৯০,০০০/-( চার হাজার একশত দুই কোটি ছিয়ত্তর লক্ষ নব্বই হাজার) টাকার চাহিদার যৌক্তিকতা এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ২য় কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন পর্যালেচনা পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ
(ক) আগামী ২০১৮-২০১৯ অর্থবছরে প্রদত্ত সিলিং এর অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা ঃ

(অংক সমূহ হাজার টাকায়)

| ক্র নং | মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | অতিরিক্ত দাবী ২০১৮-২০১৯ | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ১ | সচিবালয়/ জননিরাপত্তা বিভাগ | ২০,০০,০০ | বাংলাদেশ সচিলালয়ের নিরাপত্তা যন্ত্রপাতি ক্রয় নতুন জনবল নিয়োগ, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষন, নিরাপত্তা যন্ত্রপাতি ক্রয়, সম্পদ সংগ্রহ ও ক্রয়ের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ২ | তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল | ৬৭.৫৩ | টিওএন্ডই ভূক্ত মোটরযান ক্রয়,নূন্যতম বসার স্থান সংকুলানের জন্য অন্যান্য ভবন ও অবকাঠামো খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৩ | এনটিএমসি | ৪২৪,০০,০০ | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাত হতে Open Source Intelligent (OSINT) ক্রয় এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৪ | বাংলাদেশ পুলিশ অধিদপ্তর | ১৬৩৩,৩৪,৬১ | রংপুর, গাজীপুর মেট্রোপলিটর পুলিশ এন্টিটেররিজম ইউনিট গঠনের ফলে নিয়োজিত জনবল এর বেতন ভাতা, খাদ্য, বাসস্থান নির্মাণ,পেট্রোল ও লুব্রিকেন্ট, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ /ক্রয়, ভুমি অধিগ্রহণ, অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ, থানা, ফাড়ি মেরামত ও সংস্কার এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৫ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৯৮৫,৭০,০০ | সীমান্তে সার্ভিলেন্স টাওয়ার ও ইকুপমেন্ট ক্রয় ও স্থাপন, বিজিবি পুনর্গঠিন, এয়ার উইং,০৪টি অবকাঠামো স্থাপন,সীমান্ত নিরাপত্তা সড়ক নির্মাণ, সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয় এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী এবং নবসৃষ্ট ডগ স্কোয়াড খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৬ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১২৬,৩১,৬৬ | আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি প্রস্তুতির জন্য পোষাক, সরঞ্জামাদি, অস্ত্র ও গোলা বারুদ(শর্ট গান)সহ বিভিন্ন উপকরণ ক্রয়ের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৭ | বাংলাদেশ কোষ্ট গার্ড | ১৩৫৮,৪৩,১০ | জনবল বৃদ্ধি, ০৪টি হোভারক্রাফট,০৮টি ড্রোন ক্রয়, কোস্ট গার্ড বাহিনীর সদর দপ্তরের আবাসিক ভবন, ঢাকা জোনাল অফিসের সাপোর্ট ইউনিট বেইস স্থাপনের নিমিত্ত ভুমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| | মোট অতিরিক্ত দাবী | ৪৫৪৮,৪৬,৯০ | -- |
| | কথায়= চার হাজার পাঁচশত আটচল্লিশ কোটি ছিচল্লিশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র | | |

চলমান পাতা-২

(খ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির বাজেট বাস্তাবায়ন অগ্রগতির বিবরণঃ

(অংক সমূহ হাজার টাকায়)

| ক্রঃ নং | মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টারে রাজস্ব প্রাপ্তি | ২য় কোয়ার্টারে রাজস্ব প্রাপ্তির শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১; | জননিরাপত্তা বিভাগ/সচিবালয় | ১০,২৭,৬৪ | ৯,৩৩,০৯ | ৯০% | - |
| ২. | বাংলাদেশ পুলিশ | ৫৪৮,২৭,০৩ | ৯৬,১০,০৪ | ৫৮% | - |
| ৩. | বর্ডারগার্ড বাংলাদেশ | ১২,৩৯,১৭ | ২,৬২,১৪ | ৪৭% | - |
| ৪. | আনসার ও ভিডিপি | ৮,৬১,১৬ | ১,৮৬,৪৭ | ১৬% | - |
| ৫. | কোস্টগার্ড অধিদপ্তর | ১,৩০,৬৫ | ৪৯,৯৯ | ১৩০% | - |

(গ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের ২য় কোয়ার্টার অনুন্নয়ন ব্যয় এর বাজেট বাস্তাবায়ন অগ্রগতির বিবরণঃ

(অংক সমূহ হাজার টাকায়)

| ক্রঃ নং | মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | অনুন্নয়ন ব্যয় লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টারে অনুন্নয়ন ব্যয় | ২য় কোয়ার্টারে অনুন্নয়ন ব্যয় এর শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | জননিরাপত্তা বিভাগ/সচিবালয় | ১৫৬,২৪,৫৮ | ১৯৪,৬২,৯৮ | ১০০% | - |
| ২. | উপদেষ্টা বোর্ড | ১০,৪৭ | - | - | -- |
| ৩. | আন্তঃ অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | ১৪,৭১,৩০ | ৬,৩২,৬৬ | ৫৭.৪৫% | - |
| ৪. | এনটিএমসি | ২৩০,২৩,৬৫ | ১৭,১৯,৬৩ | ৮৯.৯৪% | - |
| ৬. | ইন্টারপোল | ৭০,০০ | - | - | |
| ৭. | বাংলাদেশ পুলিশ | ১১৬৬৯,৩২,২৩ | ১৮৭৬,১০,২১ | ৭৬,১৩% | - |
| ৮. | বর্ডারগার্ড বাংলাদেশ | ৩১০২,৮০,৮৯ | ৩৮৯,৪৪,৯২ | ৬৬.৭৫% | - |
| ৯. | আনসার ও ভিডিপি | ১৩১৮,৭১,৮৮ | ১২৭,৩৯,১২ | ৬৮.৯৬% | |
| ১২. | কোস্টগার্ড অধিদপ্তর | ৭৫০,২০,০০ | ২৩,৬৫,৩৩ | ৪৭.৮৯% | - |
| মোট বরাদ্দ | | ১৭২৪৩,০৫,০০ | | | |

(ঘ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের ২য় কোয়ার্টার উন্নয়ন ব্যয় এর বাজেট বাস্তাবায়ন অগ্রগতির বিবরণঃ

(অংক সমূহ হাজার টাকায়)

| ক্রঃ নং | মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | অনুন্নয়ন ব্যয় লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টারে অনুন্নয়ন ব্যয় | ২য় কোয়ার্টারে অনুন্নয়ন ব্যয় এর শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | জননিরাপত্ত বিভাগ/ সচিবালয় | ৯৮,২৫ | ৭৫,০০ | ৭৬.৩৩% | - |
| ২. | বাংলাদেশ পুলিশ | ৪২৫,০০,০০ | ১৫৮,৬১,৮৬ | ৩৭% | - |
| ৩. | বর্ডারগার্ড বাংলাদেশ | ২০৪,৭৯,০০ | ১৩২,৫০,৬৫ | ৬৫% | - |
| ৪. | আনসার ও ভিডিপি | ৬৭,৫৬,০০ | ৪৬,৯২,০০ | ৬৯% | - |
| ৫. | কোস্টগার্ড অধিদপ্তর | ২৮৯,৪৬,০০ | ৬৯,১৬,৬০ | ২৫% | - |
| ৬. | এনটিএমসি | ১৪,২৯,২৪ | ১৩,২১,৬৯ | ৯৯% | |

০৫। সভায় প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ন বিষয়সমূহকে প্রাধান্য দিতে এবং দপ্তর/অধিদপ্তরের অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি মহোদয় সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসু কর্ম পদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতা বর্হিভূত। তবে দেশের আইন শংখলা সুচারুরূপে পরিচালনা,জনগনের জানমালের নিরাপত্তা বিধান, সিমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধ বর্তমান সরকারের অঙ্গীকার অগ্রণী ও দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে বাজেট সিলিং বর্ধিতকরণের বিষয়ে অর্থ বিভাগের সাথে আলাপ আলোচনার বিষয়টি সভায় উথাপিত হয়।

০৬। সভায় রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমার খসড়া প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

(ক) সভায় প্রস্তাবিত ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট বাস্তবায়ন এবং আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য অনুন্নয়ন ও উন্নয়ন উভয় খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগকে অনুরোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) বাজেট কাঠামোর আওতায় প্রাপ্ত বিভিন্ন প্রস্তাবনা/সংযোজন/সংশোধণ বিষয়ে যৌক্তিকতাসহ পর্যালোচনাপূর্বক বাস্তবধর্মী প্রস্তাব আধা-সরকারি পত্রের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য অনুন্নয়ন ও উন্নয়ন উভয় খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে ত্রি-পক্ষিয় সভায় উপস্থাপনের জন্য সিলিং এর অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা বুলেট আকারে সকল অধিদপ্তর হতে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৩

(ছ) বর্ডার গার্ড বাংলাদেশ এর পুনর্গঠনের ফলে পরিচালন ও উন্নয়ন ব্যয় বৃদ্ধি পাওয়ায় প্রকৃত বাজেট চাহিদা যৌক্তিকতা সহকারে চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০১৮-২০১৯ অর্থবছরের প্রাক্কলন, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের প্রক্ষেপন সংশোধনীর জন্য প্রকৃত চাহিদা প্রস্তাব আকারে অর্থ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোস্তাফা কামাল উদ্দীন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

বিতরণঃ

১। ---------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, রাজনৈতিক ও আইসিটি/ প্রশাসন ও অর্থ/পুলিশ ও এনটিএমসি/আসী/আইন ও শৃংখলা/ উন্নয়ন, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। উপ প্রধান, পরিকল্পনা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৫১৩

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০১৭.২০১৭ - ৯৩৮/১(৫) তারিখঃ ২৭/০৩/২০১৮খ্রিঃ।

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সহাকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

২৭।০৩।১৮
(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব